মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

ISO 9001:2015 Certified

০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২৫.৯৭০

তারিখঃ ৩০ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির **"হিসাবরক্ষক/প্লান্ট হিসাবরক্ষক"** এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত **"সহকারী হিসাবরক্ষক/সহকারী প্লান্ট হিসাবরক্ষক"** পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত,২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে শূণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	হিসাবরক্ষক/ প্লান্ট হিসাবরক্ষক পদের সংখ্যা -০২ টি (কম/বেশী হতে পারে)	a. Minimum of 05(five) years (on regular basis) working experience as Assistant Accountant or Assistant Plant Accountant in a PBS; b. Knowledge in Finance, Accounting, Budgeting and Budget Planning is essential; c. Knowledge in PBS Construction and operation procedure; d. Able to provide surety Bond required by the PBS; e. Computer literacy is a must; f. Must Fulfill the conditions as follows; Employees serving in the post of Assistant Accountants and Assistant Plant Accountants be promoted in the post of Accountant/Plant Accountant according to their inter PBS seniority subject to strict compliance of the provisions/condition laid down in section A.a.1.1 of PBS Policy Instruction 300-24; g. There is no age limit for the above mentioned PBS employees. In case of promotion, continuity of their services, financial benefits, seniority etc. will be protected under PBS Service Rule; Departmental Candidates selected by the selection committee shall be appointed as Accountant/Plant Accountant on current-charge for a period of 1 (one) year, which however may be extended for maximum 6(six) month.

শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী **০৬/০৩/২০২৫ খ্রিঃ** তারিখ **রোজ বৃহস্পতিবার** বেলা ১১:০০ ঘটিকার সময় প্রার্থীগণকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর শ্রীমঙ্গল, মৌলভীবাজারে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। **আবেদন পত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি এজিএম(এইচআর/ প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ-**

(ক) সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,

(খ) সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি,

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি,

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি,

(ঙ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি,

(চ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি,

(ছ) **সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বছরের দন্ড সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।**

০২। পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী"-তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ হতে হবে।

০৩। সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

০৪। পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত,২০১২) প্রতিপালন করা হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ অথবা সার্ভিস কোড/নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৬। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৭। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৯। অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন/শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে, এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১১। সর্বশেষ ০৩(তিন) বৎসরের মধ্যে কোনরূপ গুরুদন্ড এবং সর্বশেষ ০১(এক) বৎসরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত, বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত, বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত, বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১২। পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১৩। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১৪। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ <u>(সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ)</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.. পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/রাজনগর/মৌলভীবাজার/কমলগঞ্জ/বড়লেখা জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
০৬। এজিএম(ওএন্ডএম), কুলাউড়া/সিন্দুরখাঁন সাব জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
০৭। এজিএম(সদস্য সেবা/প্রশাসন/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/ইএন্ডসি/আইটি/এইচআর/ওএন্ডএম), মৌলভীবাজার পবিস (এজিএম(আইটি) বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েব সাইটে ও ফেসবুক পেইজে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
০৯। অফিস ফাইল/মাস্টার ফাইল।

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার